# দলীয় স্বার্থে ঐক্যবদ্ধ থাকুন, ব্যক্তিস্বার্থে বিএনপির নাম নয়: তারেক রহমান



সংগৃহীত ছবি

তারেক রহমান বলেছেন, ব্যক্তি স্বার্থে বিএনপির নাম ব্যবহার রোধে নেতাকর্মীদের সতর্ক থাকতে হবে। তিনি দলীয় সিদ্ধান্ত মেনে নেওয়া ও ঐক্য বজায় রাখার ওপর গুরুত্ব আরোপ করেছেন।

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান সতর্ক করে বলেছেন, ব্যক্তিগত স্বার্থ হাসিলের জন্য বিএনপির নাম ব্যবহার করা যাবে না। নেতাকর্মীদের প্রতি তার আহ্বান—যেকোনো মূল্যে দলীয় সিদ্ধান্ত মেনে চলতে হবে এবং ঐক্যের বিকল্প নেই।

শনিবার (২০ সেপ্টেম্বর) বিকেলে কিশোরগঞ্জ জেলা বিএনপির ত্রি-বার্ষিক সম্মেলনে ভার্চুয়ালি যুক্ত হয়ে তিনি বলেন, "অদৃশ্য শক্তি এখন দৃশ্যমান হয়ে উঠছে। দেশের মানুষের অধিকার প্রতিষ্ঠা ও উন্নয়নের অগ্রযাত্রা অব্যাহত রাখতে বসে থাকলে চলবে না। কেউ যেন বিএনপির নাম ব্যবহার করে বিভ্রান্তি ছড়াতে না পারে, সে বিষয়ে প্রত্যেককে দায়িত্বশীল হতে হবে।"

LENS ASIA

তারেক রহমান আরও বলেন, "সমগ্র বাংলাদেশে ধানের শীষের নেতাকর্মীরা আজও গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য লড়াই করছে। আমাদের লক্ষ্য পরিষ্কার—আমাদের ঐক্যবদ্ধ থাকতে হবে, এর বাইরে কোনো পথ নেই